দৈনিক বাংলা

তারিখ ... 17 OCT 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

৮০
৭২

33

# কর্মক্ষেত্রে মহিলাদের অধিক সংখ্যায় অংশগ্রহণ নিশ্চিত করা হবে ঃ শিক্ষামন্ত্রী

বুয়েট রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরুদ্দিন সরকার বলেছেন, দেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠী মহিলাদের দেশ-গড়ার প্রক্রিয়ায় সংযুক্ত করতে হবে। তিনি বলেন, বর্তমান সরকার মহিলাদের অবস্থার উন্নতি করতে দৃঢ়প্রতিজ্ঞ।

মন্ত্রী শুক্রবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে আয়োজিত 'উইমেন ইন ডেভেলপমেন্টঃ টেকনিক্যাল প্রফেসন এণ্ড এডুকেশন'

(৪-এর পৃঃ দ্রঃ)

## কর্মক্ষেত্রে মহিলাদের

(প্রথম পৃষ্ঠার পর)

শীর্ষক এক ওয়ার্কশপের উদ্বোধন করছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশে কানাডার হাইকমিশনার মিঃ এমিল গ্যাব্রিও, আলবার্টাবুয়েট লিংকেজ প্রজেক্টের প্রজেক্ট ম্যানেজার প্রফেসর এ এম সফিউল্লাহ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ শাহজাহান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ডঃ দিল আফরোজা বেগম এবং মিসেস খালেদা রশিদ।

শিক্ষামন্ত্রী জমিরুদ্দিন সরকার বলেন যে, কর্মক্ষেত্রে মহিলাদের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে। কর্মক্ষেত্রে মহিলাদের অধিক সংখ্যায় অংশগ্রহণ নিশ্চিত করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। মন্ত্রী আশা প্রকাশ করেন, উপযুক্ত প্রযুক্তিগত শিক্ষা অর্জন করে মেয়েরাও ছেলেদের পাশাপাশি সমান সংখ্যায় এগিয়ে আসবে।

বাংলাদেশে কানাডার হাইকমিশনার মিঃ গ্যাব্রিও বলেন, বর্তমান জটিল বিশ্ব ব্যবস্থায় নারী–পুরুষ সবাইকে একযোগে সমস্যা মোকাবিলা করতে হবে। তিনি বলেন, নিরবচ্ছিন্ন উন্নয়নের জন্য মহিলাদের অবশ্যই উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে হবে।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ শাহজাহান বুয়েটের বিভিন্ন সম্প্রসারণ কর্মকাণ্ডে সহযোগিতা করার জন্য আলাবার্টা বিশ্ববিদ্যালয় এবং সিডাকে ধন্যবাদ জানান।

ওয়ার্কশপটি সারাদিন চলে এবং অংশগ্রহণকারীরা তিনটি গ্রুপে বিভক্ত হয়ে বিভিন্ন বিষয় আলোচনা করেন এবং তিনটি রিপোর্ট প্রস্তুত করা হয়। ওয়ার্কশপের বিভিন্ন সেশনে সভানেত্রীত্ব করেন ডঃ দিল আফরোজা বেগম, মিসেস খালেদা রশিদ, মিসেস সাহিদা ইমাম এবং ডঃ সেলিনা বেগম। ওয়ার্কশপের শেষ অধিবেশনে যুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।